



এনএসইউর উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) নতুন উপাচার্য হিসাবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। তিনি এনএসইউর স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিক্সের (এসবিই) ডিন হিসাবে দুই মেয়াদে দায়িত্ব পালন করেন। এছাড়া এনএসইউর এক্সটার্নাল রিলেশনসের নির্বাহী পরিচালক, বিবিএ প্রোগ্রামের পরিচালক, সিন্ডিকেট সদস্য এবং ক্যারিয়ার সার্ভিসের পরিচালক ছিলেন তিনি। বাংলাদেশ, কানাডা এবং যুক্তরাষ্ট্রসহ বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ৩৪ বছরের শিক্ষকতা ও গবেষণার অভিজ্ঞতা রয়েছে তার। অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী যুক্তরাষ্ট্রের বোস্টনের নর্থইস্টার্ন ইউনিভার্সিটি থেকে পিএইচডি এবং অপারেশনস রিসার্চে এমএস ডিগ্রি অর্জন করেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যানে বিএসসি এবং এমএসসি ডিগ্রি অর্জন করেন। সংবাদ বিজ্ঞপ্তি।

